## অবহিত করার অপশনগুলো

যদি আপনি পুলিশের সাথে কথা বলতে স্বাচ্ছন্দ্যবোধ না করেন তবে অনেকগুলো অপশন উপলব্ধ রয়েছে, যার মধ্যে রয়েছে:

HIRC Hate Incident Reporting Centre

**হেট ইনসিডেন্ট রিপোর্টিং সেন্টারস্ (এইচআইআরসিএস):** কমিউনিটি ভেন্যুসমূহ যেখানে কোন ব্যক্তিকে হয় একজন ভুক্তভোগী অথবা একজন স্বাক্ষী হিসেবে হেট ক্রাইম বা ঘৃণাজনিত অপরাধ এবং হেট ইনসিডেন্টস্ বা ঘৃণাজনিত ঘটনাসমূহ অবহিত করতে সহায়তা প্রদান করা হতে পারে। আপনার এলাকায় এইচআইআরসিএস-এর বিস্তারিত বিবরণ **essex.police.uk** অথবা আপনার লোকাল কাউন্সিল ওয়েবসাইটে পেতে পারেন।

TRUE VISION

**ট্রু ভিশন:** ইংল্যান্ড এবং ওয়েলস্ পুলিশ অনলাইনে অবহিত করার জাতীয় রিপোর্টিং সাইট- report-it.org.uk

CrimeStoppers.

**ক্রাইমস্টপারস্।:**ক্রাইম স্টপারস্: নাম প্রকাশ না করে **0800 555 111** নম্বরে অথবা অনলাইনে **crimestoppers.uk.org**-তে গিয়ে রিপোর্ট করুন। 24 ঘন্টা হেল্প লাইন

STOP HATE CRIME
0800 138 1625
24 HOUR HELP LINE

**স্টপ হেট ইউকে:** ভিক্টিম, স্বাক্ষী এবং তৃতীয় পক্ষের জন্য স্বতন্ত্র, গোপনীয় এবং প্রবেশযোগ্য রিপোর্টিং এবং সহায়তা। 0800 138 1625 নম্বরে কল করুন অথবা **www.stophateuk.org** ভিজিট করুন।

## সাহায্য এবং পরামর্শ

অ্যাসেক্স পুলিশের সাথে যোগাযোগ করুন-

জরুরি অবস্থায় **999** অথবা **112** নম্বরে ডায়াল করুন

জরুরি নয় এরকম প্রশ্ন করতে 101 ডায়াল করুন

এনজিটি টেক্সট রিলে: **18001 101**

অনলাইনে আরো তথ্যের জন্য **essex.police.uk** ভিজিট করুন (হেট ক্রাইম বা ঘৃণাজনিত অপরাধ সার্চ করুন)

ট্রু ভার্সন:**report-it.org.uk**

টুইটার: **@StopTheHate**

*'আমার ক্লায়েন্ রা রিপোর্টিং করতে গিয়ে যে বাঁধা-বিপত্তির সম্মুখীন হয়েছিলেন তা আমি প্রথম প্রত্যক্ষ করি। তারা যে সহযোগিতা রেয়েছিল তা আমি জানতাম এবং আমি তাদেরকে সহযোগিতা করেছিলাম।তবে আমি জানতাম যে তাদেরকে সহযোগিতা কার সকল উপায় আমার কাছে ছিল না।ঘৃণাজনিত অপরাধ (হেট ক্রাইম) শনাক্ত করতে দ্য এইর্আইআরসি/দ্য হেট ক্রাম অ্যামবাসেডর প্রশিক্ষণ আত্মবিশ্বাস যুগিয়েছে।বিশেষ করে কীভাবে রিপোর্ট গ্রহণ করতে হয় এবং আমার ক্লায়েন্ দেরকে সহায়তা করতে হয় সে বিষয়ে জ্ ন দান করেছে।'*

HCA Hate Crime Ambassador

**অ্যাসেক্স সহায়তার জন্য যোগাযোগ করুন: ভিক্টিম সাপোর্ট - 0808 178 1694** (সোমবার-শুক্রবার সকাল 8টা থেকে বিকাল 5 টা পর্যন্ত)

**স্টপ হেইট ইউকে- 0800 138 1625 (24/7)**

অথবা আপনার লোকাল কাউন্সিল ওয়েবসাইটে দেখুন

# STOP THE HATE

## ঘৃণা বন্ধ করুন

## ঘৃণাজনিত অপরাধ (হেট ক্রাইম)কি?

ESSEX POLICE

Protecting and serving Essex

## অ্যাসেক্স পুলিশ

**অ্যাসেক্সকে রক্ষা এবং সেবা প্রদান করার কাজে নিয়োজিত**

## ঘৃণাজনিত অপরাধ (হেট ক্রাইম) কি?

**ঘৃণাজনিত অপরাধ (হেট ক্রাইম) একটি জেনেরিক শব্দগুচ্ছ যা আমরা ঘৃণাজনিত অপরাধ (হেট ক্রাইম) এবং ঘৃণাজনিত ঘটনাসমূহ আলোচনা করতে ব্যবহার করি।**

বিদ্বেষ কিংবা কুসংস্কার দ্বারা তাড়িত হয়ে
একজন মানুষ অপর একজনের উপর যে অপরাধ করে তাই ঘৃণাজনিত অপরাধ (হেট ক্রাইম)।
ঘৃণাজনিত অপরাধ (হেট ক্রাইম) ঘটনাসমূহ কমিউনিটিতে অপরাধ কিংবা অসন্তোষ বাড়ায়।
উভয়টি ব্যক্তিগত চারিত্রিক বৈশিষ্ট্যের জন্য:

* জাতি: জাতিসত্তা, জাতীয়তা, জাতীয় পরিচয়, বর্ণ, জিপসি, রোমা এবং ভ্রমণকারী কমিউনিটি অন্তর্ভুক্ত।
* ধর্মবিশ্বাস: যারা কোনো ধর্মে বিশ্বাস করে না তারাও এর অন্তর্ভুক্ত।
* লিঙ্গ: সমকামিরা এর অন্তর্ভুক্ত।
* প্রতিবন্ধিত্ব: শিক্ষণ, মানসিক, স্বাস্থ্য, শারীরিক এবং ইন্দ্রিয়গত প্রতিবন্ধিত্ব।

**ব্যক্তি কিংবা গোষ্ঠীগত ঘৃণাজনিত অপরাধ (হেট ক্রাইম) নিম্নলিখিত অনেক আকারে হতে পারে:**

* হুমকি কিংবা শারীরিক হামলা
* গালিগালাজ
* ভয়-ভীতিমূলক আচরণ এবং হয়রানি যার মধ্যে রয়েছে ই-মেইল, অনলাইন এবং সামাজিক যোগাযোগ মাধ্যম
* অপমানকর লিফলেট, পোস্টার কিংবা দেয়ালচিত্র
* সম্পদের ক্ষতিসাধন
* সামাজিক যোগাযোগ মাধ্যমের প্লাটফর্মসহ ঘৃণাজনিত অপরাধ হেট ক্রাইম) করতে অন্যদেরকে প্ররোচিত করা

## কেন আপনাকে ঘৃণাজনিত অপরাধ (হেট ক্রাইম) সম্পর্কে রিপোর্ট করা উচিৎ?

যে কোনো ধরণের ঘৃণাজনিত অপরাধ (হেট ক্রাইম) ক্ষমার অযোগ্য।
* ঘৃণাজনিত অপরাধ (হেট ক্রাইম) সম্পর্কে রিপোর্ট করলে সহায়তা পাবেন
* অ্যাসেক্স পুলিশ ঘৃণাজনিত অপরাধ (হেট ক্রাইম) তদন্ত করবে এবং ঘৃণাজনিত অপরাধ (হেট ক্রাইম) সন্দেহভাজনদের ব্যাপারে ইতিবাচক ব্যবস্থা গ্রহণ করবে।
* ব্যক্তি এবং গোষ্ঠীকে রক্ষার জন্য অ্যাসেক্স পুলিশে পার্টনার এজেন্সীর সাথে কাজ করে।
* অপরাধীকে আইনের আওতায় আনা নিশ্চিত করে অ্যাসেক্স পুলিশ।

**অবহিতকরণ আপনি, আপনার পরিবার, বন্ধুবান্ধব এবং কমিউনিটিতে পার্থক্য সৃষ্টি করে।**

**আপনি অ্যাসেক্স পুলিশ অবহিত করতে পারেন:**

*** ইমার্জেন্সির জন্য 999 কিংবা 112 তে ডায়াল করুন**
*** জরুরী তদন্তের প্রয়োজন নেই এমন ক্ষেত্রে 101 এ ডায়াল করুন**
*** বধির/কানে কম শোনার ক্ষেত্রে: NGTTextRelay 18001 101 www.ngts.org.uk**
*** অনলাইনে রিপোর্ট করুন: ট্রু ভিশন-**
**www.report-it.org.uk**

## পরবর্তীতে কী ঘটবে?

* ঘটনার বিস্তারিত প্রতিষ্ঠার জন্য অ্যাসেক্স পুলিশ আপনার সাথে কথা বলবে
* আপনার নিজের কাছে যে অপশনগুলো রয়েছে তার মাধ্যমে অ্যাসেক্স পুলিশ আপনার সাথে কথা বলবে
* যেসব সুরক্ষার ব্যবস্থা করা দরকার সে ব্যাপারে অ্যাসেক্স পুলিশ আলোচনা করবে
*অ্যাসেক্স পুলিশ সবসময় ভুক্তভোগীদের মতামত এবং ইচ্ছা দ্বারা চালিত
* সমাধানে পৌঁছলে তদন্ত সমাপ্ত হবে

**আপনি ঘৃণাজনিত অপরাধের (হেট ক্রাইম) শিকার হলে ভিকটিম সাপোর্টের সাথে কথা বলুন:**

এটা কোনো বিষয় নয় কখন ঘৃণাজনিত অপরাধ (হেট ক্রাইম) ঘটেছে কিংবা আপনি পুলিশকে এ ব্যাপারে অবহিত করেছেন কি না।

**ঘৃণাজনিত অপরাধ (হেট ক্রাইম) কিংবা মানসিক আঘাতের শিকার মানুষকে বাস্তবসম্মত এবং আবেগীয় সহায়তা প্রদান করে ভিকটিম সাপোর্ট।**

* 08081781694 এই নাম্বারে ডায়াল করুন (সোমবার থেকে শুক্রবার সকাল আটটা থেকে বিকাল পাঁচটা পর্যন্ত অ্যাসেক্স অফিস খোলা
* 08081689111 এই নাম্বারে ডায়াল করুন (ন্যাশনাল সাপোর্ট লাইন সপ্তাহে সাত দিন 24 ঘন্টা খোলা)
* অনলাইনে সহায়তার অনুরোধ করুন:

**www.victimsupport.org.uk/help-and-support/get-help/support-near-you/east-england/essex**